গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/করোনা রুপান্তর/২০২০/ ৫০১ তারিখঃ ১৬/৪/২০২০

বরাবর
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

দৃঃ আঃ অতিরিক্ত সচিব (হাসপাতাল)।

বিষয়ঃ এল.সি ওপেনিং হতে পন্য খালাস পর্যন্ত আমদানী শুল্ক ও অন্যান্য কর হতে অব্যাহতি সহ ওয়ান ষ্টপ সার্ভিস নিশ্চিত করনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ এসোসিয়েশন (বি.পি.এম.সি.এ) সরকারের পাশাপাশি বেসরকারী পর্যায়েও বাংলাদেশে উদ্ভুত করোনা সংকট মোকাবেলায় কাজ করতে আগ্রহী। জননিরাপত্তার স্বার্থে ব্যাংকিং কার্যক্রম বিশেষ করে কিছু ব্যাংকের বৈদেশিক বাণিজ্য শাখায় কার্যক্রম সংকুচিত করার কারনে এল.সি প্রক্রিয়াকরণ বিলম্বিত হওয়ার আশংকা দেখা দিয়েছে।

বেসরকারী মেডিকেল কলেজ ও হাসপাতাল সমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আই.সি.ইউ এর জন্য প্রয়োজনীয় ভেন্টিলেটর ও অন্যান্য জীবন রক্ষাকারী যন্ত্রপাতি আমদানীর ক্ষেত্রে ০% মার্জিনে এল.সি সুবিধা নিশ্চিতকরণ এবং প্রয়োজনীয় আমদানী শুল্ক, রেগুলেটরী ডিউটি, সম্পুরক শুল্ক, মূল্য সংযোজন কর, আগাম কর, অগ্রীম আয়কর হতে অব্যাহতি প্রদানসহ এল.সি ওপেনিং হতে পন্য খালাস পর্যন্ত প্রতিটি পর্যায়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ কর্তৃক ওয়ান ষ্টপ সার্ভিস নিশ্চিত কল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংকিং প্রতিষ্ঠান ও সরকারের আভ্যন্তরীন সম্পদ বিভাগের প্রতি সুনির্দিষ্ট নির্দেশনা পত্র জারীর জন্য (বি.পি.এম.সি.এ) আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় যে সমস্ত বেসরকারী মেডিকেল কলেজ কর্তৃপক্ষ করোনা আক্রান্তদের চিকিৎসা সেবা প্রদানে এগিয়ে আসবে তাদের ক্ষেত্রে উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

16/4/20

(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ফোন নং-০২-৫৫০৬৭১৫০ ,ফ্যাক্সঃ ০২-৫৫০৬৭১৫১
Email: directorhospital@ld.dghs.gov.bd

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/করোনা রুপান্তর/২০২০/ তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা। দৃঃ আঃ সহকারী পরিচালক(সমন্বয়)।
২। সভাপতি ও সাধারণ সম্পাদক, বিপিএমসিএ, স্কাই ভউ মমতা সেন্টার, ৪৮-৪৯ কাকরাইল, ঢাকা।

(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

Bangladesh
Private Medical College Association (BPMCA)

ডিজিএইচএস........ তারিখ........

বিপিএমসিএ/২০২০/১২/৫৮

তারিখ ঃ ১২ এপ্রিল, ২০২০খ্রিঃ

বরাবর
মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য ভবন
মহাখালী, ঢাকা

বিষয় ঃ **করোনা ভাইরাসের চ্যালেঞ্জ মোকাবেলায় বেসরকারী মেডিকেল কলেজ ও হাসপাতাল সমূহের সক্ষমতা বৃদ্ধি ও প্রয়োজনীয় সেবা নিশ্চিত করণে আই.সি.ইউ এর জন্য প্রয়োজনীয় ভেন্টিলেটর ও অন্যান্য জীবন রক্ষাকারী যন্ত্রপাতি স্বল্প সময়ে মধ্যে আমদানির নিমিত্তে এল.সি ওপেনিং হতে পন্য খালাস পর্যন্ত সকল পর্যায়ে তাৎক্ষনিক সেবা (ওয়ান স্টপ সার্ভিস) নিশ্চিত করনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এর মাধ্যমে সকল ব্যাংকিং প্রতিষ্ঠান সমুহ এবং অন্যান্য সংশ্লিষ্ট বিভাগ সমুহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান প্রসঙ্গে।**

মহোদয়

প্রায় একযুগ আগে প্রতিষ্ঠিত বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ এসোসিয়েশন (বিপিএমসিএ) বাংলাদেশে অনুমোদিত ৬৭টি বেসরকারী মেডিকেল কলেজ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সমন্বয়ে গঠিত একটি অরাজনৈতিক সংগঠন। বাংলাদেশের স্বাস্থ্য শিক্ষা ও সেবা খাতের উন্নয়নে সরকারের অন্যতম সহযোগী হিসেবে কাজ করার পাশাপাশি দেশের যে কোন প্রয়োজনে অত্র সংগঠন ও এর সদস্যভুক্ত বেসরকারী মেডিকেল কলেজ ও হাসপাতাল সমুহ বিশেষ ভূমিকা রেখে চলেছে। এছাড়াও বিপিএমসিএ এর সদস্যভুক্ত বেসরকারী মেডিকেল কলেজ ও হাসপাতাল সমুহে প্রতি শিক্ষাবর্ষে মেডিকেল শিক্ষায় স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জনের উদ্দেশ্যে আগত বিপুল পরিমান বিদেশী শিক্ষার্থীদের মেডিকেল শিক্ষাদানের মাধ্যমে বিপুল পরিমান বৈদেশিক মুদ্রা আয় হচ্ছে যা বাংলাদেশের অর্থনীতিতে বিশেষ ভূমিকা রাখছে।

আপনি জানেন যে, বিশ্বব্যাপী চলমান করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের ফলে সমগ্র বিশ্বের ন্যায় বাংলাদেশও আজ এক ভয়াবহ বৈশ্বিক সংকটের সম্মুখীন। উক্ত সংকট হতে উত্তরনের নিমিত্তে ও উদ্ভুত অর্থনৈতিক পরিস্থিতি মোকাবিলায় মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা দেশের জনগনের প্রয়োজনীয় চিকিৎসা সেবা নিশ্চিতকরণ সহ স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ও এতে কর্মরত স্বাস্থ্য কর্মীদের প্রয়োজনীয় সুরক্ষা নিশ্চিতকল্পে বিশেষ প্রণোদনা প্যাকেজ ঘোষনা করেছেন। পাশাপাশি তাঁর বক্তব্যে মানুষের জীবন রক্ষায় প্রয়োজনীয় পরীক্ষা কীট, চিকিৎসা যন্ত্রপাতি ও অন্যান্য অন্যান্য সরঞ্জাম জরুরী ভিত্তিতে আমদানির নির্দেশনা রয়েছে।

আপনি জানেন যে, বর্তমান করোনা পরিস্থিতিতে জনগনের নিরাপত্তার স্বার্থে ব্যাংকিং কার্যক্রমকে সীমিত করা হয়েছে। ফলে ব্যাংক সমুহ দৈনিক দুই হতে আড়াই ঘন্টা তাঁদের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। এছাড়াও কিছু কিছু ব্যাংক তাঁদের বৈদেশিক বানিজ্য শাখার কার্যক্রম আরও সংকুচিত করায় এক্ষেত্রে প্রয়োজনীয় এল.সি প্রক্রিয়াকরণ বিলম্বিত হওয়ার আশংকা দেখা দিয়েছে।

করোনা ভাইরাসের বৈশ্বিক মহামারী মোকাবেলায় সরকারের পাশাপাশি সকল বেসরকারী মেডিকেল কলেজ ও হাসপাতাল সমুহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আই.সি.ইউ এর জন্য প্রয়োজনীয় ভেন্টিলেটর ও অন্যান্য জীবন রক্ষাকারী যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে ০% মার্জিনে এল.সি সুবিধা নিশ্চিতকরণ এবং প্রয়োজনীয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিউটি, সম্পুরক শুল্ক, মূল্য সংযোজন কর, আগাম কর, অগ্রীম আয়কর হতে অব্যাহতি প্রদান সহ এল.সি ওপেনিং হতে পন্য খালাস পর্যন্ত

পরপাতা-২

প্রতিটি পর্যায়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিকরণ কল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংকিং প্রতিষ্ঠান ও সরকারের আভ্যন্তরিণ সম্পদ বিভাগের প্রতি সুনির্দিষ্ট নির্দেশনা প্রয়োজন।

এমতাবস্থায় এই ভয়াবহ করোনা মহামারী মোকাবেলায় মানুষের জীবন বাচাঁনোর স্বার্থে স্বল্প সময়ে ভেন্টিলেটর সহ আই.সি.ইউতে প্রয়োজনীয় ভেন্টিলেটর ও অন্যান্য জরুরী চিকিৎসা যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে উপরোল্লেখিত ব্যবস্থাদি গ্রহণের নিমিত্তে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে বাংলাদেশ ব্যাংক সহ সরকারের আভ্যন্তরিণ সম্পদ বিভাগের প্রতি সুনির্দিষ্ট নির্দেশনা প্রেরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার নিকট বিনীত অনুরোধ জানাচ্ছি।

আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে

ডা. মোঃ এনামুর রহমান, এমপি
সাধারণ সম্পাদক
বিপিএমসিএ

এম এ মুবিন খান
সভাপতি
বিপিএমসিএ